উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# উপজেলা পরিষদ
# ফুলতলা, খুলনা।

## উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব শেখ আকরাম হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ও সময়ঃ ১৫-১২-২০২২ খ্রি, সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। । সভায় বিগত নভেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অত:পর সভাপতি বিষয় ভিত্তিক আলোচনার জন্য উপস্থিত সকল সদস্যকে অনুরোধ করেন।

| নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | উপজেলা নির্বাহী অফিসার আগামী ১৬ ই ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষ্যে সকলকে প্রস্তুত থাকার জন্য আহব্বান জানান। মহান বিজয় দিবস ২০২২ উদযাপনের জন্য প্রস্তুতিমূলক সভা করা হয়েছে এবং সকল প্রকার প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। সভায় কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। ১৬ ই ডিসেম্বর মহান বিজয় দিবস জাকজমকপূর্নভাবে পালন করতে সরকারী ভাবে যে বরাদ্দ পাওয়া গেছে তা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের দিবস উদযাপন খাত হতে ৭০,০০০/= (সত্তর হাজার) টাকা উত্তোলনের বিষয়ে সভায় প্রস্তাব করা হয়। মুজিব শতবর্ষ উপলক্ষে ফুলতলা উপজেলায় ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ “ক” শ্রেণীর পরিবারকে যে ঘর দেয়া হয়েছে তার নির্মাণ কাজ চলমান। আশ্রয়ন প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক নিয়মিত পরিদর্শন ও তদারকি করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ন প্রকল্পের সার্বিক দিকে খেয়াল রাখার জন্য সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধিদেরকে অনুরোধ জানানো হয়। | বিস্তারিত আলোচনান্তে ১৬ ই ডিসেম্বর মহান বিজয় দিবস জাকজমকপূর্নভাবে পালন করতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের দিবস উদযা্পন খাত হতে =৭০,০০০/=(সত্তর) হাজার টাকা ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) ও স্থানীয় জনপ্রতিনিধি (সকল) |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | বর্তমানে সারা দেশে ইউনিয়ন পর্যায় ও কমিউনিটি ক্লিনিকে করোনা ভাইরাসের গণটিকা কার্যক্রম চলমান রয়েছে। কোভিড-১৯ এর ভ্যাকসিনের ৪র্থ ডোজ শুরু করা হবে। কোভিড-১৯ এর ৪র্থ ডোজ এর ভ্যাকসিন ৩য় ডোজ নেয়ার কম পক্ষে ০৪ (চার) মাস পর নেয়া যাবে, কোন অবস্থাতেই ০৪ (চার) মাস হওয়ার আগে নেয়া যাবে না তিনি বিষয়টি সম্পর্কে সকলকে অবগত করার জন্য সভায় অনুরোধ জানান। বর্তমানে ৫-১১ বছরের শিশুদের টিকা কার্যক্রম চলমান আছে। উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নভেম্বর ২০২২ মাসে বহিঃবিভাগে মোট রোগীর সংখ্যা ছিল ৮.৮৭৮ জন, মোট ভর্তি রোগীর সংখ্যা ছিল ৫৬২ জন, মাইনর অপারেশন হয়েছে ৩৬৬ টি, মেজর অপারেশন হয়েছে ০১ টি, হাসপাতালে নরমাল ডেলিভারী হয়েছে ২১ টি, অত্র মাসে ডেঙ্গু পরীক্ষা করা হয়েছে ৯৩ জনকে তার মধ্যে পজেটিভ হয়েছে ০৩ জন, নভেম্বর ২০২২ মাসে স্বাস্থ্যকমপ্লেক্সে কোভিড-১৯ এর নমুনা পরীক্ষা করা হয়েছে ১৫ জন কে তার মধ্যে এক জন রোগীও পজেটিভ আসেনি। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ডেঙ্গু মশার উপদ্রব হতে রক্ষার জন্য ফগার মেশিন উপজেলা পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাস্থ্যকমপ্লেক্স, ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদের জন্য বিতরণ করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের কাযক্রম অব্যাহত এবং ৪র্থ ডোজ ভ্যাকসিন প্রদানের প্রক্রিয়া অব্যাহত রাখার বিষয়ে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন এবং ডেঙ্গু মশার উপদ্রব হতে রক্ষা পাওয়া জন্য নতুন ফগার মেশিন এর ব্যবহার নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | ফুলতলা উপজেলায় নভেম্বর ২০২২ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ২৮,৫৩৫ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ২২,৭৩৫ জন, পদ্ধতি গ্রহণকারীর হার ৭৯.৬৭% জন, ইমপ্লান্ট গ্রহণকারীর হার ৭৪%, স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর ০৯%, আইইউডি গ্রহণকারীর হার ২১%, মোট গর্ভবতী মায়ের সংখ্যা ৬৫৬ জন, ইনজেক্টবলস্ ৭৪৩ ভায়াল এবং মোট ডেলিভারী মায়ের সংখ্যা ১৪৮ জন। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসে কোন নিরাপত্তা প্রহরী না থাকায় এবং কোন লাইট পোস্টও না থাকায় নিরাপত্তাহীনতা বোধ হচ্ছে। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের সামনে পিছনে আলোকিত করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের রক্ষণাবেক্ষণ ও মেরামত খাত হতে নতুন লাইট সেট স্থাপন করা হবে। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং কৈশোর কালীন প্রজনন স্বাস্থ্য সেবাসহ সকল কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে নিরাপত্তা নিরাপত্তা প্রহরীর নিয়োগ প্রদানের বিষয়ে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মাকর্তা তার অধিদপ্তরে পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করেবেন, এছাড়া উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের রক্ষণাবেক্ষণ ও মেরামত খাত হতে তার দপ্তরের সামনে পিছনে অন্ধকারাচ্ছন্ন জায়গাতে | উপজেলা পরিঃপরিঃ কর্মকর্তা ও উপজেলা পরিষদ |

১৫।১২।২২

<table>
<tr><td></td><td></td><td></td><td>নতুন সেটসহ বাল্ব স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>৪</td><td>উপজেলা কৃষি অফিস</td><td>বিভিন্ন প্রকল্পের মাধ্যমে আধুনিক জাতের ও প্রযুক্তি প্রদর্শনী বাস্তবায়নের জন্য চলতি মাসে ৩০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এর ফলে এলাকায় নতুন জাতের আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে। মাঠে সবজি ফসলের আবাদ ও উৎপাদান বেড়েছে প্রায় ৩০%। স্থানীয় হাট বাজার সবজি ভরপুর। সাধারন জনগনের ক্রয় ক্ষমতার মধ্যে থাকায় জনসাধারণ চাহিদার অতিরিক্ত সবজি খেতে পারছে। ফলশ্রুতিতে মানুষের পুষ্টির চাহিদা পূরন হচ্ছে। সবজি ফসলের হাইব্রিড জাতের আবাদ প্রায় ৮০% বৃদ্ধি পাওয়ায় উৎপাদন বেড়েছে ৩-৪ গুন। আমন আবাদ লক্ষ্যমাত্রা ১৪৩০ হেক্টর, যার মধ্যে উফশী ১২৫০, হেক্টর স্থানীয় ১৬৫ এবং হাইব্রিড ১৫ হেক্টর সহ মোট ১৪৩০ হেক্টর। ইতোমধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী আবাদ সম্পন্ন হয়েছে। প্রায় শতভাগ আমন কর্তন সম্পন্ন হয়েছে এবং আশানুরূপ ফলন পাওয়া গেছে। মাটির স্বাস্থ্য রক্ষায় জৈব সার (কম্পোস্ট, ভার্মি কম্পোস্ট, ট্রাইকো কম্পোস্ট ও খামারজাত সার) এর উৎপাদন দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফুলতলাতে ভার্মি/কেচো সারের ব্যাপক উৎপাদন বেড়েছে।</td><td>সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে এবং ফুলতলা উপজেলাতে কৃষি আবাদ বৃদ্ধি ও পতিত জমিতে কৃষি আবাদ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা সর্বাত্নক প্রচেষ্টা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা কৃষি অফিসার</td></tr>
<tr><td>৫</td><td>উপজেলা মৎস্য অফিস</td><td>গত জুন ২০২২ মাসে ফুলতলা মৎস্য ব্যবসায়ী সমিতি এবং জামিরা মৎস্য ব্যবসায়ী সমিতির পক্ষ থেকে যথাক্রমে ফুলতলা মাছ বাজার ও জামিরা মাছ বাজারের অবকাঠামোগত উন্নয়নের নিমিত্তে সহযোগিতা প্রদানের জন্য তাদের স্বাক্ষরিত ও স্বব্যাখ্যায়িত ০২ টি আবেদন পত্র পাওয়া গেছে। উক্ত মাছ বাজার দুটির অবকাঠামো উন্নয়নের নিমিত্তে সার্বিক সহযোগিতার জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। মৎস্য অধিদপ্তরের "সাসটেইনেবল কোষ্টাল এন্ড মেরিন ফিশারিজ" প্রকল্পের আওতায় ফুলতলা উপজেলায় নিম্নরূপ পপ্রাথমিক ভাবে ১৫ (পনের) টি ক্লাস্টার গঠন করা হয়েছে এবং তা উপজেলা চিংড়ি ক্লাস্টার কমিটি কর্তৃক অনুমোদন পূর্বক যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে।
<table>
<tr><th>নং</th><th>চিংড়ি ক্লাস্টারের নাম</th><th>ইউনিয়ন</th></tr>
<tr><td>১</td><td>চারা বটতলা খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার-১</td><td>দামোদর</td></tr>
<tr><td>২</td><td>চারা বটতলা খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার-২</td><td>ঐ</td></tr>
<tr><td>৩</td><td>চারা বটতলা খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার-৩</td><td>ঐ</td></tr>
<tr><td>৪</td><td>চারা বটতলা খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার-৪</td><td>ঐ</td></tr>
<tr><td>৫</td><td>ডাকাতিয়া খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার-১</td><td>আটরা-গিলাতলা</td></tr>
<tr><td>৬</td><td>ডাকাতিয়া খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার-২</td><td>ঐ</td></tr>
<tr><td>৭</td><td>ডাকাতিয়া খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার-৩</td><td>ঐ</td></tr>
<tr><td>৮</td><td>বৈশাখী খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার</td><td>ঐ</td></tr>
<tr><td>৯</td><td>ঠাকুরানী খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার</td><td>ঐ</td></tr>
<tr><td>১০</td><td>দফাদারের ঘাট খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার-১</td><td>দামোদর</td></tr>
<tr><td>১১</td><td>দফাদারের ঘাট খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার-২</td><td>ঐ</td></tr>
<tr><td>১২</td><td>দফাদারের ঘাট খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার-৩</td><td>ঐ</td></tr>
<tr><td>১৩</td><td>পিপরাইল চারা বাড়ি খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার</td><td>জামিরা</td></tr>
<tr><td>১৪</td><td>পঠিয়াবান্ধা খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার-১</td><td>ঐ</td></tr>
<tr><td>১৫</td><td>পঠিয়াবান্ধা খাল সংলগ্ন চিংড়ি চাষি ক্লাস্টার-২</td><td>ঐ</td></tr>
</table>
এছাড়া ক্লাস্টার চিংড়ি চাষিদের উৎপাদন বৃদ্ধির জন্য মৎস্য অধিদপ্তর ও সলিডারিডাড এর মাধ্যমে বিভিন্ন প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং ম্যাচিংগ্রান্ট প্রাপ্তির জন্য ক্লাস্টার চাষিদের যে সকল কাজ বাস্তবায়ন করা প্রয়োজন তার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে।</td><td>সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার</td></tr>
<tr><td>৬</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিস</td><td>ডিসেম্বর ২০২২ মাসে এ পর্যন্ত ২৯০৮ টি গবাদী পশু ও ৪২৫০০ টি হাঁস-মুরগীর রোগ প্রতিষেধক টিকা প্রদান করা হয়েছে। ১৫৪০ টি গবাদিপশু ও ১০,২০০ টি হাঁস মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। ২৭৮ টি পশুকে কৃত্রিম প্রজনন করা হয়েছে এবং কৃত্রিম প্রজননের মাধ্যমে ১৪০ টি বাচ্চা উৎপাদন হয়েছে যার মধ্যে এঁড়ে ৭৯ টি এবং বকনা ৬১ টি। এছাড়া টিকা বিক্রি এবং কৃত্তিম প্রজনন ফি বাবদ মোট = ২৫,৫৬০/= (পঁচিশ হাজার পাঁচশত ষাট) টাকা রাজস্ব আদায় হয়েছে।</td><td>সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা</td></tr>
<tr><td>৭</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস</td><td>২০২২-২৩ অর্থ বছরে খুলনা জেলার ফুলতলা উপজেলার প্রকল্প বাস্তবায়ন অফিসে গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিটা/ কাবিখা এবং গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টি-(টি-আর কর্মসূচীর ১ম পর্যায়ের সকল প্রকল্পের কাজ ৮০% সম্পন্ন হয়েছে। আগামী ৩০ শে জানুয়ারী ২০২৩ খ্রি. তারিখের মধ্যে সকল প্রকল্পের কাজ সমাপ্তি পূর্বক চুড়ান্ত বিল</td><td>বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থ বছরের ১ম পর্যায়ের কাবিটা/ কাবিখা এবং গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষণ টি-</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ্রহণ করতে না পারলে বিল ফেরত যাবে যার জন্য উপজেলা কমিটি কোন প্রকার দায়ী থাকবে না। তিনি আরও জানান অতিদরিদ্রদের জন্য কর্মসূচী (৪০ দিন) জন্য ২.৬০ (দুই কোটি ষাট লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। এই কর্মসূচীর টাকা দিয়ে দৃশ্যমান কাজ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আর এর কাজের বিল জানুয়ারী ৩০ তারিখের আগে দাখিল ও অতিদরিদ্র/৪০ দিনের কর্মসূচীর লোকেদের কে দিয়ে দৃশ্যমান কাজ করানোর বিষয়ে চেয়ারম্যানবৃন্দ ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যানবৃন্দ |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস | ডিসেম্বর ২০২২ মাসে পল্লী সমাজসেবা কার্যক্রম ( আরএসএস) এর আওতায় ক্ষুদ্র ঋণ =৫,০২,৩৫০/=টাকা আদায় হয়। ২০২২-২৩ অর্থ বছরে নতুন ২৭৩ জন প্রতিবন্ধীভাতা প্রদানের কার্যক্রম চলমান। এছাড়া সকল ভাতার ২য় কিস্তির পে-রোল প্রদানের কার্যক্রম চলমান। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৯ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। IPEMIS সার্ভারে সকল বিদ্যালয় এবং শিক্ষকদের তথ্য এন্ট্রি করা হচ্ছে। IPEMIS সার্ভারের মাধ্যমে বিদ্যালয়ের ছবি আপলোড করা হয়। প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের উপবৃত্তির জন্য ডাটা এন্ট্রি, চাহিদা যাচাই ও অনুমোদন করা হয়। IPEMIS সার্ভারে সকল বিদ্যালয়ের এন্ট্রিকৃত তথ্য এবং শিক্ষকদের তথ্য যাচাই ও অনুমোদন দেয়া হয়। প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২২ এর প্রস্তুতি সম্পন্ন হয়েছে। ২০২৩ সালের বই এর তথ্য এন্ট্রি, ডাটা যাচাই ও অনুমোদন করা হয়েছে। সকল প্রাথমিক বিদ্যালয়ে ২০২৩ সালে ছাত্র-ছাত্রীদের মাঝে নতুন বই বিতরণ করা হবে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | নভেম্বর ২০২২ পর্যন্ত সকল ইউনিয়নে ভিডব্লিউবি খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। ২০২৩-২৪ মেয়াদে ০৪ টি ইউনিয়নে ভিব্লিউবি উপকারভোগী নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে মা ও শিশুর উপকারভোগীর সংখ্যা বর্তমানে ২৪০ জন চলমান। তিনি জানান ২০২২-২৩ অর্থ বছরে মা ও শিশুর উপকারভোগী নির্বাচনে কোন নির্দেশনা পাওয়া যায়নি। গত নভেম্বর ২০২২ মাসে ০২ টি উঠান বৈঠক করা হয়েছে। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক(আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ১০০ জন প্রশিক্ষনার্থী প্রশিক্ষণ গ্রহণ করছে। কিশোর কিশোরী ক্লাবে ০৪ টি ইউনিয়নে মোট ১২০ জন ছাত্র-ছাত্রী সপ্তাহে ০২ দিন শুক্রবার ও শনিবার স্বাস্থ্যবিধি মেনে সংগীত ও আবৃত্তি ক্লাস অব্যাহত আছে। তিনি জানান আগামী বছর এলাকা পরিবর্তন করে ক্লাব কার্যক্রম চলবে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | উপজেলা যুবউন্নয়ন অফিস | তার অফিসে অপ্রাতিষ্ঠানিক ৩৪ টি ট্রেডে ও স্থানীয় চাহিদা মোতাবেক প্রশিক্ষণ দেয়া হয়। এছাড়াও আমাদের জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্রে ৩/৬ মাসের ও ১ বছরের বিভিন্ন মেয়াদে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেয়া হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে ব্যক্তিগত ঋণ প্রদান করা হয় ৪০,০০০/= টাকা থেকে ১,০০,০০০/= টাকা পর্যন্ত এবং উদ্যোক্তা ঋণ ৩,০০,০০০/= টাকা থেকে ১০,০০,০০০/=টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। পরিবারভিত্তিক কর্মসূচীতে পরিবারের ৩/৫ জন ঋণ নিতে পারে। ৫ জন সদস্যের সমন্বয়ে ১০ টি গ্রুপ করে এ কর্মসূচীতে এক সাথে ৫০ জনকে ঋণ প্রদান করা যায়। তিনি জানান কর্মসৃজন প্রতি মাসে ০৭ জনকে কর্মসৃজনে সহযোগিতা করা হয়। তার দপ্তরের ক্লাব/সংগঠনের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা হচ্ছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | উপজেলা প্রকৌশল দপ্তর | ক) উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাসভবনটি দীর্ঘ দিন যাবৎ জরাজীর্ণ অবস্থায় আছে। ভবনটি ১৯৬০ দশকে নির্মিত হওয়ায় ভবনের অবস্থা খুবই ঝুকিপূর্ণ বিধায় তা দ্রুত অপসারণ করা প্রয়োজন। তিনি জানান উক্ত ভবন অপসারণের বিষয়ে ৩০ শে সেপ্টেম্বর ২০১৯ খ্রি. তারিখে স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ৮১৫ নং স্মারকে উক্ত ভবনটি নিলামে বিক্রয়ের অনুমোদনের প্রেক্ষিতে জেলা কনডেমনেশন কমিটির ১৫/০১/২০২০ খ্রি. তারিখের সভায় উপজেলা নির্বাহী অফিসার ফুলতলা খুলনা এর সরকারী বাসভবনটি নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা কনডেমনেশন কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে উপজেলা নিলাম কমিটি গত ২৫/০২/২০২০ খ্রি. তারিখে প্রকাশ্যে নিলাম ডাকের ব্যবস্থা করেন কিন্তু উক্ত ভবনের প্রাক্কলিত মূল্য ৬,৯৮,৭৭৫/= টাকা হওয়ায় ঠিকাদারগণ কেহ ডাকে অংশগ্রহণ করেন নাই। তিনি জানান এমতাবস্থায় আমি উপজেলা নির্বাহী অফিসারের মৌখিক নির্দেশে উক্ত ভবনে সরেজমিনে পরিমাপ গ্রহণ পূর্বক ভবনটি অপসারনের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করেছি। যাহার সর্ব মোট প্রাক্কলিত মূল্য ভাঙ্গা খরচসহ =৪,০১,২০৪.৫০ টাকা। যাহা ভাঙতে মোট খরচ হবে =১,৭০,২০১/=টাকা। তিনি জানান উক্ত ভবনটি অপসারণের জন্য সভায় অনুমোদনক্রমে নিলামের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাসভবনটি নিলাম করার জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রাক্কলনটি অনুমোদন করা হলো এবং উপজেলা প্রকৌশলী ভবনটি নিলামের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার |

২৫/১২/২২

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, খুলনা জেলার ফুলতলা উপজেলায় ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় প্যাকেজ নং INF-2020-21-404769-02 এর ড্রেনের কাজটি সরেজমিনে বাস্তবায়নের সময় দেখা যায় যে, অনুমোদিত প্রাক্কলনে ভুলবশত ড্রেনের দুই পার্শ্বে ভার্টিক্যাল ওয়ালের একটিতে আংশিক(৪৪মিঃ) বাদ পড়েছে এবং ড্রেনের টপ স্লাবে পাথর কাস্টিং ধরা হয়েছে। তৎপ্রেক্ষিতে প্রাক্কলনটি সংশোধন করে বাদ পড়া ভার্টিক্যাল ওয়ালটি পুনরায় (৪৪মিঃ) প্রাক্কলনে অন্তর্ভূক্ত করে পাথর কাস্টিংয়ের পরিবর্তে ইটের খোয়ার কাস্টিং ধরা হয় এবং তা সংশোধনের জন্য প্রেরণ করা হয়েছিল। উক্ত সংশোধিত প্রাক্কলন টি পুনরায় অনুমোদিত হয়ে আসার পর প্রাক্কলন অনুযায়ী কাজটি সম্পন্ন করা হয়েছে। জাইকা ও জিওবি এর অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপির) আওতায় ২০২০-২১ অর্থ বছরে ফুলতলা উপজেলার দামোদর ইউনিয়নের জনগনের জলাবদ্ধতা নিরসনের জন্য দামোদর এম এম মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন মসজিদ হতে ষ্টেশন রোড অভিমুখে পাকা ড্রেণ নির্মাণ এর প্যাকেজ নং INF 2020-21 -404769-02 চুক্তি মূল্য =১২,০৮,০৫৯.২৭ (বার লক্ষ আট হাজার উনষাট টাকা সাতাশ পয়সা) টাকা। ঠিকাদার মেসার্স আকন টেড্রার্স, পাথরঘাটা, বরগুণা কর্তৃক কাজ সমাপ্ত করে বিল প্রাপ্তির জন্য আবেদন করেছেন। উক্ত প্রকল্পের কার্যক্রম এর বিল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | খ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় প্যাকেজ নং INF-2020-21-404769-02 এর কাজ সমাপ্তি শেষে ঠিকাদার মেসার্স আকন টেড্রার্স, পাথরঘাটা, বরগুণা কে বিল প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | -<br>উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার |
| | | গ) উপজেলা প্রকৌশলী জানান UTMIDP প্রকল্পের আওতায় ফুলতলা উপজেলাতে ০৫ টি নতুন রাস্তার উন্নয়ন কাজে ৩,২৬,০৭,৯০৯.০০ টাকার প্রাক্কলন করা হয়েছে, ফুলতলা উপজেলাতে UTMIDP প্রকল্পের আওতায় ফুলতলা কাচা বাজার উন্নয়নরে জন্য ৮০,৪৫,৩৭৮.৩২ টাকার প্রাক্কলন করা হয়েছে, ফুলতলা উপজেলাতে UTMIDP প্রকল্পের আওতায় ফুলতলা উপজেলা পরিষদ ও শিরোমনি বাজারে ওয়াশব্লক নির্মাণ কাজে ৪৪,২৮,৮৮৪.৫৭ টাকার প্রাক্কলন করা হয়েছে, ফুলতলা উপজেলাতে UTMIDP প্রকল্পের আওতায় ফুলতলা উপজেলাতে ১৮ টি বক্স ড্রেন নির্মাণের উদ্দেশ্যে ২৭,০০,৮৭৪.৭২ টাকার প্রাক্কলন করা হয়েছে এবং ফুলতলা উপজেলাতে UTMIDP প্রকল্পের আওতায় ফুলতলা উপজেলাতে ০৪ টি ড্রেন নির্মাণ কাজে ১,৯৪,০৩,২৭৩.০৩ টাকার প্রাক্কলন করা হয়েছে । উপজেলা প্রকৌশলী উক্ত প্রকল্পের প্রাক্কলনগুলি অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন। | গ) বিস্তারিত আলোচনান্তে UTMIDP প্রকল্পের আওতায় ফুলতলা উপজেলাতে ০৫ টি নতুন রাস্তা, ফুলতলা কাচা বাজার, উপজেলা পরিষদ ও শিরোমনি বাজারে ওয়াশব্লক নির্মাণ, ফুলতলা উপজেলাতে ১৮ টি বক্স ড্রেন এবং ফুলতলা উপজেলাতে ০৪ টি ড্রেন নির্মাণ কাজের প্রাক্কলনগুলি অনুমোদন দেয়া হলো এবং এর কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | ক) সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (৩য় পর্ব) কাজ চলমান রয়েছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (৪র্থ পর্ব) ১০৪ টি গভীর নলকূপের কার্যাদেশ সম্পন্ন হয়েছে। পি ই ডি পি -৪ এর প্রকল্পের আওতায় ০৫ টি ওয়াশব্লক এর কাজ ও ২১ টি পানির উৎস স্থাপন কার্য চলমান রয়েছে। কমিউনিটি বেজ মিনি পাইপ লাইন মোট ১৮ টির মধ্য ০২ টি পাইপ লাইনের বোরিং কাজ সম্পন্ন হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্পের জন্য মোট টিউবওয়েল বরাদ্দ ছিল ১৯ টি। তিনি জানান আশ্রয়ণ প্রকল্পের সকল টিউবওয়েল স্থাপনের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। | ক) বিস্তারিত আলোচনান্তে সমগ্র দেশে নিরাপদ পানি সরবারাহ প্রকল্পের ৩য় পর্যায়ের তালিকা প্রাপ্তি সাপেক্ষে সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তা দ্রুততার সাথে সম্পন্ন করার বিষয়ে ব্যবস্থা গ্রহন করবেন। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| | | খ) কেবিএস প্রকল্পের নতুন সংযোগ নেয়ার জন্য অনেকে আবেদন করেছেন তিনি কেবিএস এর কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে সংযোগ দেয়ার প্রস্তাব করেন। কেবিএস এর যেসকল গ্রাহক পানির বিল দিচ্ছেন না তাদের তালিকা করে উপজেলা পরিষদে জমা দেয়া এবং কেবিএস এর নতুন সংযোগ দেয়া ও দুই জন কর্মচারীর বেতন বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। কেবিএস এর ওভারওয়াল ট্যাংকি পরিস্কার করতে হবে কারন? অনেক লোক উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের কাছে মৌখিকভাবে আবেদন করেছেন যে, উপজেলা পরিষদের পানির পাইপ লাইনের পানিতে প্রচুর ময়লা দেখা যাচ্ছে। উপজেলা প্রকৌশলীকে উক্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় আলোচনা হয়। | খ) কেবিএস প্রকল্পের নতুন সংযোগ ও কর্মচারীদের বেতন বৃদ্ধির বিষয়ে কেবিএস কমিটির মিটিং আহব্বান করাসহ ওভারওয়াল পানির ট্যাংকি পরিষ্কার করা এবং যারা পানির বিল দিচ্ছে না তাদের তালিকা উপজেলা পরিষদে জমা দেয়ার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা ...বায় অফিস | উপজেলা সমবায় অফিসের ২০২১-২২ সালে নিবন্ধন প্রাপ্ত ০৮ টি অকার্যকর (নিষ্ক্রিয়) সমবায় সমিতি ব্যতিরেকে মোট ৭৪ টি প্রাথমিক সমবায় সমিতির ২০২১-২২ সমবায় বর্ষের বার্ষিক নিরীক্ষা বরাদ্দ এবং নিরীক্ষা কার্যক্রম শুরু হয়েছে। নভেম্বর ২০২২ খ্রি. পর্যন্ত নিরীক্ষা সম্পাদনকৃত সমিতির সংখ্যা প্রাথমিক ৫৫ টি এবং বাংলাদেশ পল্লীউন্নয়ন বোর্ড সমার্থন পুষ্ট কেন্দ্রীয়(পউবো) ০১ টি। অবশিষ্ট সমবায় সমিতিগুলির বার্ষিক নিরীক্ষা বিধি মোতাবেক আগামী ৩১ মার্চ ২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে শতভাগ সম্পাদন করতে হবে। এছাড়া ২০২১-২২ সালের ধার্যকৃত নিরীক্ষা ফি (অডিট ফি) যা সরকারী রাজস্ব প্রাথমিক (সাধারণ) ৮,০১০/= টাকা এবং ২০২১-২২ সালের ধার্যকৃত সমবায় সমিতির নীট লাভ হতে সৃষ্ট ৩% সমবায় উন্নয়ন তহবিলের পরিমাণ প্রাথমিক (সাধারন) ২৩৯৮/= টাকা আদায় সম্পন্ন হয়েছে। অবশিষ্ট অর্থ আদায় অব্যাহত রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | ৪০ জন সুফলভোগীর মধ্যে ০৩(তিন) দিনের আইজিএ ভিত্তিক অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাত করণের জন্য সদস্য বাছাই করা প্রক্রিয়াধীন রয়েছে। ৪৭ জন সুফলভোগীদের মধ্যে ৯৩.৫০ লক্ষ টাকা কোভিড-১৯ উপলক্ষে অসহায়দের জন্য ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায় সঠিকভাবে হলেও একজন সদস্য নাম সত্তার রানা, পিতা রশিদ জমাদ্দার যিনি ২,০০,০০০/= (দুই লক্ষ) টাকা ঋণ নিয়েছেন কিন্তু বর্তমানে তিনি ঋণের টাকা দিতে চাচ্ছেন না। তাকে বার বার তাগাদা দেয়ার সত্বেও তিনি অফিসের সাথে কোন যোগাযোগ করেননি । সরকারী পাওনা আদায়ে জোরালো প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৬ | উপজেলা বন বিভাগ | সভায় আলোচনা হয় ফুলতলা উপজেলার রাস্তার পাশে যত্রতত্র করাত কল গড়ে উঠেছে। অধিকাংশ করাত কল স্কুল-কলেজের অতি নিকটে স্থাপন করা হয়েছে এবং এগুলো পরিবেশের ক্ষতি করছে। অবৈধ করাত কল উচ্ছেদের ব্যবস্থা গ্রহণসহ করাত কলের লাইসেন্স নবায়নের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ অবৈধ করাত কল বন্ধের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শীতকালীন খেলাধুলার জন্য মাধ্যমিক পর্যায়ের সকল স্কুলগুলোতে ফুটবল প্রয়োজন। তিনি উপজেলা পরিষদ হতে কিছু ফুটবলের ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান চলতি অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে শীতকালীন খেলাধুলার জন্য ফুটবল ক্রয়ের একটি প্রকল্প গ্রহণ করা হয়েছিল সেখানে কিছু বল অবশিষ্ট রয়েছ। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসরার বিতরণের মাষ্টারোল জমা দিয়ে বল গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৮ | উপজেলা পরিষদ | ক) উপজেলা পরিষদের নিরাপত্তা বৃদ্ধির প্রয়োজনে সীমানা প্রাচীর নির্মাণের জন্য ইতোপূর্বে উপজেলা প্রকৌশল দপ্তর কর্তৃক ৮১,০২,৭৯৪/= (একাশি লক্ষ দুই হাজার সাতশত চুরানব্বই) টাকার প্রাক্কলন প্রস্তুত করে বিধি মোতাবেক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে উপজেলা নির্বাহী অফিসার এর দপ্তরের ০৫/১২/২০১৯ তারিখের ১১৩৮ নং স্মারকের মাধ্যমে প্রস্তাব প্রেরণ করা হয়। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ২১/০১/২০২০ তারিখে ১১৩ নং স্মারকের মাধ্যমে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে বিভিন্ন তথ্য চেয়ে প্রস্তাব পাঠানোর জন্য পত্র প্রেরণ করেছিলেন। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে উপজেলা প্রকৌশল দপ্তর কর্তৃক উপজেলা পরিষদের সম্মুখ হতে দক্ষিন দিক হয়ে ১৩৮ মিটার এবং পরিষদের পিছন দিকে পার্শ্ব হয়ে ৪০ মিটার সীমানা প্রাচীর নির্মাণের জন্য পুনরায় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার প্রাক্কলিত মূল্য ২৪,৬৫,২৪৭/= (চব্বিশ লক্ষ পয়ষট্টি হাজার দুইশত সাত চল্লিশ) টাকা মাত্র। তিনি এবিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রস্তাব করেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসারকে নতুন করে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানান । | ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগের ২১/০১/২০২০ তারিখের ১১৩ নং স্মারকপত্রের নির্দেশনার আলোকে প্রস্তুতকৃত ২৪,৬৫,২৪৭/= (চব্বিশ লক্ষ পয়ষট্টি হাজার দুইশত সাত চল্লিশ) টাকার প্রাক্কলন অনুমোদন এবং উপজেলা নির্বাহী অফিসার পুনরায় নতুন করে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণের প্রস্তাব প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় আরো জানান যে, উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় প্রকল্প গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, ভাইস চেয়ারম্যানদ্বয় ও ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হয়। ইউপি চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয় ও সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ প্রকল্প দাখিল করেছেন যা যাচাই বাছাই করে আগামী জানুয়ারী ২০২৩ মাসের সভায় অনুমোদন করা হবে। তিনি উপজেলা প্রকৌশলীকে দাখিলকৃত প্রকল্পগুলি যাচাই বাছাই এর ব্যবস্থা গ্রহণ এবং তা দ্রুততার সাথে টেন্ডার প্রক্রিয়া যাওয়ার বিষয়ে আলোচনা হয়। | খ) বিস্তারিত আলোচনান্তে ইউপি চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয় ও সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ কর্তৃক দাখিলকৃত ২০২২-২৩ অর্থ বছরের উন্নয়ন প্রকল্পগুলি যাচাই বাছাই এবং তা দ্রুত বাস্তবায়নের জন্য কার্যক্রম গ্রহনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

২৫।১২।২২

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | আমার বাড়ি আমার খামার | আমার বাড়ি আমার খামার প্রকল্পের চলতি অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ছিল ৮০৩.০০ (আট কোটি তিন লক্ষ) টাকা, নভেম্বর ২০২২ মাসে বিতরণ করা হয়েছে ২০৯.৯৩ (দুই কোটি নয় লক্ষ তিরানব্বই হাজার) টাকা। বিতরণের হার ২৬.১৪%, ২০২২-২৩ অর্থ বছরে ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৭৪৩.০০ (সাত কোটি তেতাল্লিশ লক্ষ) টাকা। ৩০ নভেম্বর ২০২২ পর্যন্ত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২২৬.৫৯ (দুই কোটি ছাব্বিশ লক্ষ উনষাট হাজার) টাকা যা আদায়ের হার ৩০.৪৯%। তিনি জানান ২০২২-২৩ বছরে সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ৬০.০০ টাকা। গত ৩০ নভেম্বর ২০২২ পর্যন্ত সঞ্চয় আদায় হয়েছে ৩.৮৮ ( তিন লক্ষ অষ্টাশি হাজার) টাকা মাত্র যা সঞ্চয় আদায়ের হার ৬.৪৭%। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার |
| ২০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | চলতি অর্থ বছরে ডিসেম্বর ২০২২ মাসে চাল ক্রয় করা হয়েছে ৩,৩৮৫ মেঃটন, ধান ক্রয় করা হয়ে ৭০ মেঃটন, কাবিখা প্রকল্পে ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে চাল বিতরণ করা হয়েছে ৬৯ মেঃটন, জি-আর এর চাল উপজেলা নির্বাহী অফিসার এর মাধ্যমে মসজিদ, মাদ্রাসা ও মন্দিরে বিতরণ করা হয়েছে। ০৩ মেঃটন মহিলা বিষয়কের ভিডব্লিউবি ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে বিতরণ করেছেন ৬৯.৭২০ মেঃটন। এছাড়া নিয়মিত বাজার মনিটরিং এর কাজ অব্যাহত রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২১ | উপজেলা তথ্য আপা | জানুয়ারি ২০২১ মাসে ফুলতলা উপজেলার দামোদর ও জামিরা ইউনিয়নে ০২ টি উঠান বৈঠক করা হয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্য আপা |
| ২২ | ইউনিয়ন পরিষদ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প দাখিল করা হয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |

দপ্তরসমূহের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫/১২/২২

শেখ আকরাম হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলতলা, খুলনা।

স্মারক নং: উপঃপরিঃফুলঃখুলঃ২০২২-২৭(৩০)

তারিখ: ৩০ অগ্রাহায়ণ ১৪২৯ / ১৫ ডিসেম্বর ২০২২

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো):

১। মাননীয় সংসদ সদস্য, ১০৩, খুলনা-৫ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৬। জেলা প্রশাসক, খুলনা।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
৮। চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
৯। উপজেলা ............................. কর্মকর্তা, ফুলতলা, খুলনা।
১০। চেয়ারম্যান, আটরা-গিলাতলা/দামোদর/জামিরা/ফুলতলা, ইউপি, ফুলতলা, খুলনা।
১১। অফিস নথি।

১৫/১২/২২

উপজেলা নির্বাহী অফিসার
সদস্য সচিব
উপজেলা পরিষদ
ফুলতলা, খুলনা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# উপজেলা পরিষদ

## ফুলতলা, খুলনা।

## উপজেলা পরিষদের জানুয়ারী ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব শেখ আকরাম হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ও সময়ঃ ৩০-০১-২০২৩ খ্রি, সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। । সভায় বিগত ডিসেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অত:পর সভাপতি বিষয় ভিত্তিক আলোচনার জন্য উপস্থিত সকল সদস্যকে অনুরোধ করেন।

| নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | উপজেলা নির্বাহী অফিসার ১৬ ই ডিসেম্বর মহান বিজয় দিবসটি যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠুভাবে উদযাপিত হওয়ায় সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধী বৃন্দকে ধন্যবাদ জানান। মুজিব শতবর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ন-২ প্রকল্পের ৩য় পর্যায়ের ২য় ধাপে ফুলতলা উপজেলায় ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ "ক" শ্রেণীর পরিবারকে যে ঘর দেয়া হয়েছে তার নির্মাণ কাজ চলমান, তন্মধ্যে ৬৮ টি ঘরের নির্মাণ কাজ শেষের দিকে। আশ্রয়ন-২ পকল্পের ১ম ও ২য় ধাপে যাদেরকে ঘর দেয়া হয়েছে তাদের মধ্যে কিছু লোক ঘরে থাকতে অনিচ্ছা প্রকাশ করছে এজন্য ৪র্থ ধাপে যে ১২৫ জন্য ভূমিহীন এর তালিকা করা হয়েছে তা পুনরায় ইউনিয়ন কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে চুড়ান্ত করার জন্য ইউপি চেয়ারম্যান বৃন্দকে অনুরোধ জানান। আশ্রয়ন প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক নিয়মিত পরিদর্শন ও তদারকি করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়-২ প্রকল্পের ৩য় পর্যায়ের ২য় ধাপের সার্বিক কাজের দিকে খেয়াল রাখার জন্য সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধিদেরকে অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলের জ্ঞাতার্থে জানান ফুলতলা উপজেলাতে যেখানে যে পতিত জমি আছে তা অতিসত্বর চাষাবাদের আওতায় আনতে হবে। তিনি এ বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তাকে ব্যবস্থা গ্রহণের জন্য জানান। | বিস্তারিত আলোচনান্তে ৪র্থ ধাপে যে ১২৫ জন্য ভূমিহীনদের তালিকা চুড়ান্ত করা হয়েছে তা পুনরায় ইউপি চেয়ারম্যান বৃন্দ ইউনিয়ন কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে চুড়ান্ত করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ) ও স্থানীয় জনপ্রতিনিধি (সকল) |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | বর্তমানে সারা দেশে ইউনিয়ন পর্যায় ও কমিউনিটি ক্লিনিকে করোনা ভাইরাসের গণটিকা কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ৫-১১ বছরের শিশুদের টিকা কার্যক্রম চলমান আছে। উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ডিসেম্বর ২০২২ মাসে বহিঃবিভাগে মোট রোগীর সংখ্যা ছিল ৭,১৩৮ জন, মোট ভর্তি রোগীর সংখ্যা ছিল ৫৫৩ জন, হাসপাতালে নরমাল ডেলিভারী হয়েছে ২২ টি, অত্র মাসে করোনা- ভ্যাকসিন দেয়া হয়েছে ১ম ডোজ ৩২৩ জন, ২য় ডোজ ৯৯৯ জন, ৩য় ডোজ ২০৩৩ জন এবং ৪র্থ ডোজ ১১৪ জনকে। হাসপাতালে ০৯ টি সিসিতে মোট রোগীর সংখ্যা ৮৬৩৮ জন। বর্তমানে হাসপাতালে নিয়মিত ডেঙ্গু পরীক্ষা কাজ চলমান। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ডেঙ্গু মশার উপদ্রব হতে রক্ষার জন্য ফগার মেশিন দেয়া হয় এবং তা নিয়মিত হাসপাতালের চার পাশে স্প্রে করা কাজ চলমান। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় সকলের অবগতির জন্য জানান বর্তমানে শীতের সময়ে নিপা ভাইরাসের সম্ভবনা থাকে। বর্তমানে খেজুরের রস খাওয়া খুবই বিপদজনক কারন খেজুর গাছ কাটলে বাদুড় গিয়ে বসে রশ খায়। বাদুড়ের মুখে এক জাতীয় লালা থাকে যার থেকে নিপা ভাইরাস হয়ে থাকে। নিপা ভাইরাস হলে মৃত্যুর ঝুকি ৯০%। তিনি সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের কাযক্রম অব্যাহত এবং ৪র্থ ডোজ ভ্যাকসিন প্রদানের প্রক্রিয়া অব্যাহত রাখার বিষয়ে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন এবং ডেঙ্গু মশার উপদ্রব হতে রক্ষা পাওয়া জন্য নতুন ফগার মেশিন এর ব্যবহার অব্যাহত রাখবেন মর্মে সভায় সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | ফুলতলা উপজেলায় ডিসেম্বর ২০২২ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ২৮,৭১৪ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ২২,৮২৭ জন, পদ্ধতি গ্রহণকারীর হার ৭৯.৫০% জন, ইমপ্লান্ট গ্রহণকারীর হার ৮৯%, স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর ০৮%, আইইউডি গ্রহণকারীর হার ৪৯%, মোট গর্ভবতী মায়ের সংখ্যা ৬৯৯ জন, ইনজেক্টবলস্ ৭৫৬ ভায়াল এবং মোট ডেলিভারী মায়ের সংখ্যা ১২২ জন। পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান ডিসেম্বর ২০২২ মাসে ১৭ ডিসেম্বর হতে ২২ ডিসেম্বর পর্যন্ত পরিবার পরিকল্পনা সেবা ও প্রচার সপ্তাহ | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং ধোপাখোলা FWC জায়গার | উপজেলা পরিঃপরিঃ কর্মকর্তা |

৩০/০১/২৩

| | | | | |
|---|---|---|---|---|
| | | সফলভাবে উদযাপিত হয়েছে। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং কৈশোর কালীন প্রজনন স্বাস্থ্য সেবাসহ সকল কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান জামিরা ইউনিয়নে ধোপাখোলা FWC জায়গার সীমানা নির্ধারণ এবং উক্ত অফিসের মধ্যে একটি বড় শিরিশ গাছের জন্য সীমানা প্রাচীর ক্ষতিগ্রস্থ হচ্ছে। তিনি গাছটি অপসারণের জন্য সভায় প্রস্তাব করেন। | সীমানা নির্ধারণের জন্য সরকারী সার্ভেয়ার দ্বারা মাপা এবং উপজেলা রেঞ্জ কর্মকর্তা গাছটির মূল্য নির্ধারণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪ | উপজেলা কৃষি অফিস | বিভিন্ন প্রকল্পের মাধ্যমে আধুনিক জাতের ও প্রযুক্তি প্রদর্শনী বাস্তবায়নের জন্য চলতি মাসে ৩০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এর ফলে এলাকায় নতুন জাতের আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে। মাঠে সবজি ফসলের আবাদ ও উৎপাদান বেড়েছে প্রায় ৩০%। স্থানীয় হাট বাজার সবজি ভরপুর। সাধারন জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে থাকায় জনসাধারণ চাহিদার অতিরিক্ত সবজি খেতে পারছে। ফলশ্রুতিতে মানুষের পুষ্টির চাহিদা পূরণ হচ্ছে। সবজি ফসলের হাইব্রিড জাতের আবাদ প্রায় ৮০% বৃদ্ধি পাওয়ায় উৎপাদন বেড়েছে ৩-৪ গুন। আমন আবাদ লক্ষ্যমাত্রা ৪২৩০ হেক্টর, যার মধ্যে হাইব্রিড ২৯০০ হেক্টর, মোট ৪২৩০ হেক্টর। ইতোমধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৫০ হেক্টর আবাদ সম্পন্ন হয়েছে। শতভাগ আমন কর্তন সম্পন্ন হয়েছে এবং আশানুরূপ ফলন পাওয়া গেছে। আমন ধানের মোট উৎপাদন হয়েছে ৪০৮২ মেট্রিক টন। কৃষি অফিসার জানান জামিরা ইউনিয়নে ধোপাখোলা সোনাকুড়ের মাঠে অনেক জমিতে বোরো ধানের চাষ হয়ে থাকে কিন্তু সেখানে পানি সেচের ব্যবস্থা না থাকায় কৃষকরা কেউ ধান লাগাতে পারছে না। তিনি উপজেলা পরিষদ হতে সোনাকুড়ের মাঠে একটি ডিপ বোরিং বসানোর জন্য সভায় প্রস্তাব করেন। অত্র উপজেলায় কর্মরত প্রকল্প রাজস্ব কর্মসূচি, জিকেবিএসপি, ধান, গম ও পাট বীজ উৎপাদন প্রকল্প ক্লাইমেট-স্মার্ট প্রযুক্তির মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলের জলবায়ু পরিবর্তন ও অভিযোজন প্রকল্পের, কন্দাল ফসল উন্নয়ন প্রকল্প এর আওতায় রবি মৌসুমে প্রায় ১৫০ টি প্রদর্শনী বাস্তবায়িত হয়েছে। প্রকল্প এর উদ্দেশ্য নতুন জাত, নতুন ফসল ও বীজ উৎপাদন। অত্র উপজেলায় নার্সারী প্রতিষ্ঠান কৃষি উন্নয়নে ভূমিকা রাখে। ফুলতলা উপজেলাতে প্রায় ১৪৩ টি প্রতিষ্ঠিত নার্সারী প্রতিষ্ঠান রয়েছে। নার্সারী গুলির কোনটির ও নিবন্ধন ছিল না কিন্তু এ বছর কৃষি দপ্তর ফুলতলার ঐকান্তিক প্রচেষ্টায় ৬ টি নার্সারীকে নিবন্ধনের আওতায় আনা হয়েছে এবং অন্য সকল নার্সারীর কাগজপত্র নিবন্ধনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। মাটির স্বাস্থ্য রক্ষায় জৈব সার (কম্পোস্ট, ভার্মি কম্পোস্ট, ট্রাইকো কম্পোস্ট ও খামারজাত সার) এর উৎপাদন দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফুলতলাতে ভার্মি/কেচো সারের ব্যাপক উৎপাদন বেড়েছে। জৈব কৃষি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দূষণমুক্ত পরিবেশে ফসল উৎপাদনে ব্যপক সাড়া পড়েছে। কৃষক এখন এলোপাতাড়ী বালাইনাশক ব্যবহার হতে বিরত রয়েছে। এতে জনস্বাস্থ্যের উন্নয়ন ঘটেছে ও উৎপাদন ব্যয় কমেছে প্রায় ৪০%। এর ফলে কৃষকের আর্থিক সচ্ছলতা বৃদ্ধি পেয়েছে। আধুনিক জাতের ফল, যেমন মাল্টা চাষ, ড্রাগন চাষ, থাই পেয়ারা চাষ ও বিভিন্ন প্রকার হাইব্রিড আমের আবাদ বহুগুণে বেড়েছে। মাটির স্বাস্থ্য রক্ষায় জৈব সার (কম্পোস্ট, ভার্মি কম্পোস্ট, ট্রাইকো কম্পোস্ট ও খামারজাত সার) এর উৎপাদন দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফুলতলাতে ভার্মি/কেচো সারের ব্যাপক উৎপাদন বেড়েছে। অত্র উপজেলায় সার মজুদ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এখন পর্যন্ত ইউরিয়া ১৩৫ মেঃ টন, টিএসপি ৪০ মেঃ টন, ডিএপি ৬৫ মেঃ টন এবং ১৪ মেঃ টন এমওপি সার মজুদ রয়েছে। সার পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকল ডিলার ও খুচরা বিক্রেতাদেরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে এবং ফুলতলা উপজেলাতে কৃষি আবাদ বৃদ্ধি ও পতিত জমিতে কৃষি আবাদ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং ধোপাখোলা সোনাকুড়ের মাঠে বোরো চাষের জন্য ডিপ বোরিং স্থাপনের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী সরেজমিনে যেয়ে ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার<br><br>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ৫ | উপজেলা মৎস্য অফিস | ২০২২-২৩ অর্থ বছরে জানুয়ারী ২০২৩ মাসে মৎস্য অধিদপ্তরের রাজস্ব খাতের অর্থায়নে দুইটি ব্যাচে ২০ জন করে মোট ৪০ জন মৎস্যচাষী কে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রকল্পের আওতায় চারটি ব্যাচে মোট ১০০ জন ক্লাস্টার মৎস্য চাষীকে মৌলিক কারিগরি বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া তিনি উপজেলা মৎস্য ভবন কাম ট্রেনিং সেন্টারটির নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদের অর্থায়নে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়সহ সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান পরিষদের নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদে সীমানা প্রাচীর নির্মাণ,সিসি ক্যামেরা ও নৈশ প্রহরীর টহল বৃদ্ধি প্রয়োজন। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন এবং উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপন ও সীমান প্রাচীর নির্মাণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ও উপজেলা প্রকৌশলী |

৩০/০১/২৩

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | ডিসেম্বর ২০২২ মাসে ১০১০ টি গবাদী পশু ও ৩০০০০ টি হাঁস-মুরগীর রোগ প্রতিষেধক টিকা প্রদান করা হয়েছে, ১৫১০ টি গবাদিপশু ও ১০,১০০ টি হাঁস মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন করা হয়েছে ২৬৫ টি গাভীকে এবং কৃত্রিম প্রজননের মাধ্যমে ১২৮ টি বাচ্চা উৎপাদন হয়েছে যার মধ্যে এঁড়ে ৭১ টি এবং বকনা ৫৭ টি। এছাড়া টিকা বিক্রি এবং কৃত্রিম প্রজনন ফি বাবদ মোট = ১৪,৪২০/= (চৌদ্দ হাজার চারশত বিশ) টাকা রাজস্ব আদায় হয়েছে। প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের যে বাউন্ডারী ওয়াল টি আছে তা কিছু অংশ জায়গা হতে ভেঙ্গে যাচ্ছে প্রতিহত করা যাচ্ছে না। তিনি উপজেলা পরিষদের অর্থে বাউন্ডারীওয়াল ভাঙ্গন রোধে প্রয়োজনীয় সহযোগীতা কামনা করেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান ফুলতলা উপজেলার এ বৎসর কোরবানীর পশু কি অবস্থা তা জানতে চাইলে তিনি জানান ফুলতলা উপজেলায় কোরবানীর পুশুর চাহিদার চেয়ে বেশি রয়েছে। নিয়মিত আমরা খামার পরিদর্শন করছি। বর্তমানে গরু ছাগলের খাবারের দাম বৃদ্ধির জন্য খামারী খামার করায় অনিহা প্রকাশ করছে। তিনি খামারীদের ঘাস চাষের জন্য উৎসাহিত করছেন এবং পরামর্শ প্রদান করছেন। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন এবং উপজেলা প্রানিসম্পদ অফিসের বাউন্ডারী ওয়াল উপজেলা প্রকৌশলী সরেজমিনে পরিদর্শন করে সংস্কারের বিষয়ে মতামত পরবর্তী সভায় অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী |
| ৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | ২০২২-২৩ অর্থ ১ম পর্যায়ের টিআর সাধারণ ও বিশেষ এবং কাবিটা/কাবিখা সাধারণ ও বিশেষ প্রকল্পের কাজ ৮০% সম্পন্ন হয়েছে। আগামী ৩০ শে জানুয়ারী ২০২৩ খ্রি. তারিখের মধ্যে অবশিষ্ট অসমাপ্ত প্রকল্পগুলির কাজ সমাপ্তি পূর্বক চুড়ান্ত বিল গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল কিন্তু পরবর্তীতে উক্ত কাজের জন্য ১ মাস সময় বৃদ্ধি করা করেছেন। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দদেরকে দ্রুত কাজ শেষ করে বিল দাখিলের জন্য অনুরোধ জানান। ২০২২-২৩ অর্থ বছরে ভূমিহীনদের জন্য গৃহ নির্মাণ প্রকল্প অদ্য পর্যন্ত ডিজাইন ও এস্টিমেট অনুযায়ী মোট ৬৫ টি ঘরের গাথুনী ও প্লাস্টারের কাজ সম্পন্ন হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে কাবিখা সাধারণ ২য় পর্যায়ে ০৪ টি ইউনিয়নে উপবরাদ্দ প্রদান সাপেক্ষে প্রকল্প দাখিলের জন্য পত্র ইস্যু করা হয়েছে। আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রকল্প তালিকা দাখিল করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বৃন্দকে অনুরোধ করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থ বছরের ১ম পর্যায়ের কাবিটা/ কাবিখা এবং গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষণ টি-আর এর কাজের বিল জানুয়ারী ৩০ তারিখের আগে দাখিল এবং ২য় পর্যায়ে কাবিখা সাধারণ পত্র প্রাপ্তি অনুযায়ী প্রকল্প দাখিল করার বিষয়ে চেয়ারম্যানবৃন্দ ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানবৃন্দ |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস | ডিসেম্বর ২০২২ মাসে পল্লী সমাজসেবা কার্যক্রম ( আরএসএস) এর আওতায় ক্ষুদ্র ঋণ =৫,০২,৩৫০/=টাকা আদায় হয়। ২০২২-২৩ অর্থ বছরে নতুন ২৭৩ জনকে প্রতিবন্ধীভাতা প্রদানের কার্যক্রম চলমান। এছাড়া সকল ভাতার ২য় কিস্তির পে-রোল প্রদানের কার্যক্রম চলমান । | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৯ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। IPEMIS সার্ভারে সকল বিদ্যালয় এবং শিক্ষকদের তথ্য এন্ট্রি করা হচ্ছে। IPEMIS সার্ভারের মাধ্যমে বিদ্যালয়ের ছবি আপলোড করা হয়। প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের উপবৃত্তির জন্য ডাটা এন্ট্রি, চাহিদা যাচাই ও অনুমোদন করা হয়। IPEMIS সার্ভারে সকল বিদ্যালয়ের এন্ট্রিকৃত তথ্য এবং শিক্ষকদের তথ্য যাচাই ও অনুমোদন দেয়া হয়। নতুন শিক্ষক নিয়োগ কার্যক্রম চলমান। উপবৃত্তির তথ্য এন্টি যাচাই ও চাহিদা তৈরি কার্যক্রম চলমান। ২০২৩ সালের বই এর তথ্য এন্ট্রি, ডাটা যাচাই ও অনুমোদন করা হয়েছে। সকল প্রাথমিক বিদ্যালয়ে ২০২৩ সালে ছাত্র-ছাত্রীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | ডিসেম্বর ২০২২ পর্যন্ত সকল ইউনিয়নে ভিডব্লিউবি খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। ২০২৩-২৪ মেয়াদে ০৪ টি ইউনিয়নে ভিব্লিউবি উপকারভোগী নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে মা ও শিশুর উপকারভোগীর সংখ্যা বর্তমানে ২৪০ জন চলমান। ২০২২-২৩ অর্থ বছরে সদর কার্যালয় হতে নির্দেশনা মোতাবেক ০৪ টি ইউনিয়নে প্রতি মাসে জুলাই/২২ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত মা ও শিশুর উপকারভোগী নির্বাচনের কার্যক্রম চলমান। প্রতিমাসে ১ নং আটরাগিলাতলা ইউনিয়নের কার্ড সংখ্যা ০৫ টি, ২ নং দামোদর ইউনিয়নের কার্ড সংখ্যা ১৩ টি, ০৩ নং জামিরা ইউনিয়নের কার্ড কার্ড সংখ্যা ০৭ টি এবং ০৪ নং ফুলতলা ইউনিয়নের কার্ড সংখ্যা ১০ টি করে বরাদ্দ পাওয়া গেছে। ডিসেম্বর ২০২২ মাসে ০২ টি উঠান বৈঠক করা হয়েছে যার মাধ্যমে ০২ টি বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক(আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ৫০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করছে। কিশোর কিশোরী ক্লাবে ০৪ টি ইউনিয়নে মোট ১২০ জন ছাত্র-ছাত্রী সপ্তাহে ০২ দিন শুক্রবার ও শনিবার স্বাস্থ্যবিধি মেনে সংগীত ও আবৃত্তি ক্লাস অব্যাহত আছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

৩০/০১/২৩

| | | | | |
|---|---|---|---|---|
| | | কিশোর-কিশোরী ক্লাব নতুন ভেন্যুতে নতুন সদস্যদের নিয়ে কার্যক্রম শুরু হয়েছে। কিশোর-কিশোরী ক্লাবের ০৪ টি নতুন ভেন্যু হচ্ছে ১) আটরা শ্রীনাথ মাধ্যমিক বিদ্যালয় ২) দামোদর মঠ সরকারী প্রাথমিক বিদ্যালয় ৩) পঠিয়াবান্দা শুক্লা স্মরনিকা মাধ্যমিক বিদ্যালয় ও ৪) ফুলতলা বালিকা উচ্চ বিদ্যালয়। | | |
| ১১ | উপজেলা যুবউন্নয়ন অফিস | তার অফিসে অপ্রাতিষ্ঠানিক ৩৪ টি ট্রেডে ও স্থানীয় চাহিদা মোতাবেক প্রশিক্ষণ দেয়া হয়। গত মাসে ৩০ জনকে আউট সোসিং প্রশিক্ষণ দেয়া হয়েছে। ডিসেম্বর ২০২২ মাসে একজন্য উদ্যোক্তা সদস্য কে ২,০০,০০০/=(দুই লক্ষ) টাকা ঋন বিতরণ করা হয়েছে। তিনি জানান কর্মসৃজন প্রতি মাসে ০৭ জনকে কর্মসৃজনে সহযোগিতা করা হয়। ক্লাব/সংগঠনের রেজিষ্টেশন ও তাদের কর্মকান্ড তদারকির কাজ চলমান। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী জানান UTMIDP প্রকল্পের আওতায় ফুলতলা উপজেলাতে যে প্রকল্প গ্রহণ করা হয়েছে তার প্রাক্কলন ২০২২ এর রেট সিডিউল অনুযায়ী প্রস্তুত পূর্বক প্রেরণের জন্য প্রধান প্রকৌশলী ঢাকা মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান রয়েছে আগামী মার্চ মাস অবধি কাজ শেষ হবে বলে আশা করছি। উপজেলা প্রকৌশলী জানান ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা উন্নয়ন তহবিলের আংশিক তালিকা পেয়েছেন এবং তার যাচাই বাছাই কাজ চলমান রয়েছে। তিনি সভায় উপস্থিত সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের দ্রুততার সাথে প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা উন্নয়ন তহবিলের প্রকল্প দাখিলের বিষয়ে সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধীগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধীগণ |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (৩য় পর্ব) কাজ চলমান রয়েছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (৪র্থ পর্ব) ১০৪ টি গভীর নলকূপের কার্যাদেশ সম্পন্ন হয়েছে। পি ই ডি পি -৪ এর প্রকল্পের আওতায় ০৫ টি ওয়াশব্লক এর কাজ ও ২১ টি পানির উৎস স্থাপন কার্য চলমান রয়েছে। কমিউনিটি বেজ মিনি পাইপ লাইন মোট ১৮ টির মধ্য ০২ টি পাইপ লাইনের বোরিং কাজ সম্পন্ন হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্পের জন্য মোট টিউবওয়েল বরাদ্দ ছিল ১৯ টি। তিনি জানান আশ্রয়ণ প্রকল্পের সকল টিউবওয়েল স্থাপনের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ৩য় পর্যায়ের তালিকা প্রাপ্তি সাপেক্ষে সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তা দ্রুততার সাথে সম্পন্ন করার বিষয়ে ব্যবস্থা গ্রহন করবেন। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| ১৪ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসের ২০২১-২২ সালে নিবন্ধন প্রাপ্ত ০৮ টি অকার্যকর (নিষ্ক্রিয়) সমবায় সমিতি ব্যতিরেকে মোট ৭৩ টি প্রাথমিক সমবায় সমিতির ২০২১-২২ সমবায় বর্ষের বার্ষিক নিরীক্ষা বরাদ্দ এবং নিরীক্ষা কার্যক্রম শুরু হয়েছে। ডিসেম্বর ২০২২ খ্রি. পর্যন্ত নিরীক্ষা সম্পাদনকৃত সমিতির সংখ্যা প্রাথমিক ৫৫ টি এবং বাংলাদেশ পল্লীউন্নয়ন বোর্ড সমর্থন পুষ্ট কেন্দ্রীয়(পউবো) ০১ টি। অবশিষ্ট সমবায় সমিতিগুলির বার্ষিক নিরীক্ষা বিধি মোতাবেক আগামী ৩১ মার্চ ২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে শতভাগ সম্পাদন করতে হবে। এছাড়া ২০২১-২২ সালের ধার্যকৃত নিরীক্ষা ফি (অডিট ফি) যা সরকারী রাজস্ব প্রাথমিক (সাধারণ) ২১,৮৩০/= টাকা এবং ২০২১-২২ সালের ধার্যকৃত সমবায় সমিতির নীট লাভ হতে সৃষ্ট ৩% সমবায় উন্নয়ন তহবিলের পরিমাণ প্রাথমিক (সাধারন) ৬৫৫৭/= টাকা আদায় সম্পন্ন হয়েছে। অবশিষ্ট অর্থ আদায় অব্যাহত রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরে কিছু সার্টিফিকেট মামলা পূর্বে দেয়া ছিল সেগুলি পুনরায় তাগাদা দিলে খেলাপি ঋণ আদায়ে সহায়ক হবে। নতুন কিছু সার্টিফিকেট মামলা দেয়ার জন্য প্রস্তুতি চলছে। অত্র দপ্তরে ৪৭ জন সুফলভোগীদের মধ্যে ৯৩.৫০ লক্ষ টাকা কোভিড-১৯ উপলক্ষে অসহায়দের জন্য ঋণ বিতরণ করা হয়। সরকারী পাওনা ঋণ আদায়ে আদায়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা প্রসংশনীয়। উপজেলা পল্লীউন্নয়ন অফিসার জানান সরিষা ও পিয়াজের মূল্য বৃদ্ধিতে ডিসেম্বর ২০২২ মাসে কৃষকদের মাঝে বিনামূল্যে পিয়াজ ও সরিষার বীজ বিতরণ করা হয়েছে। সরকারী পাওনা আদায়ে জোরালো প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৬ | উপজেলা বন বিভাগ | সভায় উপজেলা রেন্জ কর্মকর্তা উপস্থিত না হওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা রেন্জ কর্মকর্তা |

৩০/০১/২৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | গত ডিসেম্বর ২০২২ মাসে নতুন জাতীয় শিক্ষক্রম/২০২১ বিস্তারের লক্ষ্যে উপজেলা পর্যায়ের শিক্ষকদের মাস্টার ট্রেইনার গঠনের জন্য শিক্ষক প্রশিক্ষণ কলেজ, খুলনা ও শিক্ষক প্রশিক্ষণ কলেজ, নড়াইলে ০৫ দিন ব্যাপি প্রশিক্ষণ শেষ হয়েছে। ডিসেম্বর ২০২২ পর্যন্ত যে সংখ্যক বই পাওয়া গেছে তার ১০০% বিতরণ করা হয়েছে এবং জানুয়ারী ২০২৩ মাসে সকল প্রকার বই ১০০% বিতরণ সম্পন্ন করা হবে। মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেম এ অত্র উপজেলার প্রতিষ্ঠান সমূহের অনলাইনে ক্লাস আপলোড চলছে। নতুন সফট্ওয়ার এ প্রত্যেক শিক্ষককে আলাদাভাবে এন্ট্রি করে অনলাইন ক্লাসের ভিডিও আপলোড করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান তার মাধ্যমিক বিদ্যালয়ের খেলাধূলার জন্য কিছু সরঞ্জাম দরকার। তিনি তার নতুন অফিসে উঠার আগে সেখানে কিছু মেরামত কাজ সম্পন্ন করেছেন তার জন্য যে ব্যয় হয়েছে তা উপজেলা পরিষদ হতে মেটানোর জন্য সভায় প্রস্তাব করেন।সকল শিক্ষার্থীর ইউনিক আইডির কাজ ও উপবৃত্তির কাজ চলমান রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৮ | উপজেলা পরিষদ | ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান বলেন উপজেলা পরিষদের নিরাপত্তা বৃদ্ধির প্রয়োজনে সীমানা প্রাচীর নির্মাণের জন্য ইতোপূর্বে উপজেলা প্রকৌশল দপ্তর কর্তৃক কয়েকবার প্রাক্কলন প্রস্তুত করে বিধি মোতাবেক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রস্তাব প্রেরণে কিছু জটিলতা এবং কোভিড-১৯ এর জন্য আমরা সীমানা প্রাচীর নির্মাণের অনুমোদন পাইনি। বর্তমান উপজেলা পরিষদের মধ্যে প্রায় শোনা যাচ্ছে রাতে অফিস ভাংচুর করে চুরি করছে। তিনি জানান গত বছর বাংলা নববর্ষের ০৩ (তিন) দিন ছুটিকালীন সময়ে আমার অফিসসহ আরও ০২ টি অফিসের জানালা ভেঙ্গে টাকা পয়সা ও মালামাল চুরি করেছে। আমাদের উপজেলাতে যদি সকল দপ্তরে নিরাপত্তা প্রহরী থাকত তাহলে এই ধরনের চুরি সংঘঠিত হত না। তিনি সভায় উপস্থিত সকল কর্মকর্তাবৃন্দ কে বলেন যাদের দপ্তরে নিরাপত্তা প্রহরী নেই তারা যেন অবিলম্ব তাদের স্ব-স্ব অধিদপ্তরে নিরাপত্তা প্রহরী পদায়নের জন্য লিখিতভাবে আবেদন করেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান বলেন উপজেলা কমপ্লেক্স কে নিরাপদ রাখতে হলে সর্বপ্রথম সীমানা প্রাচীর দিতে হবে। সীমানা প্রাচীর দিতে হলে আমাদেরকে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অনুমোদন নিতে হবে এবং পর্যায়ক্রমে সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে। উপজেলা প্রকৌশলী সীমানা প্রাচীর নির্মাণের জন্য উপজেলা পরিষদ গেটের দক্ষিণ পাশে আনুমানিক ৬০ মিটার এবং উপজেলা গেটের উত্তর পাশ দিয়ে আনসার ভিডিপি অফিস পর্যন্ত আনুমানিক ১৭০ মিটার এর প্রাক্কলন প্রস্তুত করে পরবর্তী সভায় উপস্থাপন করবেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান এর প্রস্তাবের সাথে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ গেটের দক্ষিণ পাশে আনুমানিক ৬০ মিটার এবং উপজেলা গেটের উত্তর পাশ দিয়ে আনসার ভিডিপি অফিস পর্যন্ত আনুমানিক ১৭০ মিটার এর প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা প্রকৌশলী তা অনুমোদনের জন্য পরবর্তী সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | খ) উপজেলা পরিষদ চেয়ার্যান জানান ফুলতলা উপজেলাতে বিগত ১/২ বছর আগে যে সৌরবিদ্যুৎ প্যানেল স্থাপন করা হয়েছিল তা প্রত্যেকটি নষ্ট হয়ে আছে ফলে ঐসকল এলাকা অন্ধকারছন্ন হয়ে আছে এবং সেখানে অপরাধ প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। তিনি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে সৌ প্যানেল গুলি সচল করার জন্য তাদের যে, জামানতের টাকা আছে সেখান থেকে তাদের মাধ্যমে সৌর বিদ্যুৎ প্যানেল মেরামত করানোর জন্য নির্দেশনা প্রদান করেন। | খ) বিস্তারিত আলোচনান্তে ফুলতলা উপজেলাতে সোলার প্যানেল স্থাপন কাজে যে সকল প্রতিষ্ঠান কাজ করেছে এবং কোন সোলারটি কোন প্রতিষ্ঠান স্থাপন করেছে এবং কার কত জামানত এর টাকা বাকী আছে এ বিষয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা আগামী সভায় তথ্য প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| | | গ) মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান তার এবং ভাইস চেয়ারম্যান তাদের ০২ (দুই) জনের অফিসকক্ষ মেরামত না করলে সেখানে বসার অনুপযোগী হয়ে পড়েছে। তিনি অফিস কক্ষ ০২ টি মেরামতের জন্য সভায় প্রস্তাব করেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার জানান যেহেতু ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা পরিষদ বাসাবাড়ি মেরামত খাতে কোন টাকা নেই সেহেতু উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষ ০২ টি মেরামত করা যায় কিনা এ বিষয়ে মতামত চেয়ে উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | গ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়ের দপ্তরের মেরামতের বিষয়ে উপজেলা প্রকৌশলী সরেজমিন পরিদর্শন করে পরবর্তী সভায় আলোচনা করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঘ) উপজেলা পরিষদের সভায় উপস্থিত সকল কর্মকর্তাবৃন্দ একমত হয়ে জানান যে, তাদের প্রত্যেকের অফিস ভবনের পানির ট্যাংকি দীর্ঘদিন যাবৎ পরিষ্কার না করায় ট্যাংকির পানি যখন শেষের দিকে চলে আসে তখন পানির মধ্যে প্রচুর পরিমাণে ময়লা দেখা যায়। এছাড়া অফিসার বৃন্দ উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত ০২ টি ড্রেনটি ও উপজেলা কমপ্লেক্স ভবনের অভ্যন্তরে ঝোপজঙ্গল পরিষ্কার করার জন্য সভায় প্রস্তাব করেন। বর্তমানে ডেঙ্গু মশার উপদ্রব দেখা দিয়েছে যার জন্য ডেঙ্গু রোগির সংখ্যাও বাড়ছে। ড্রেনের ময়লা আবর্জনা ও ঝোপজঙ্গল থেকে এই ডেঙ্গু মশা জন্ম নিয়ে থাকে যার কারনে অফিসার বৃন্দ দ্রুততার সাথে পানির ট্যাংকি, ড্রেন ও ঝোপ জঙ্গল পরিষ্কার করার বিষয়ে সভায় প্রস্তাব করেন। | ঘ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সকল দপ্তরের পানির ট্যাংকি, উপজেলা পরিষদের অভ্যন্তরের ড্রেন ও উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরের ঝোপজঙ্গল পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত পরিষ্কার পরিচ্ছন্ন কাজে যে ব্যয় হবে তা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বর্জ্যব্যবস্থাপনা খাত হতে নির্বাহ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা পরি |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | আমার বাড়ি আমার খামার প্রকল্পের মোট সমিতির সংখ্যা ৯৮ টি, মোট সদস্য সংখ্যা ৪১১৯ জন। বছরে মোট সঞ্চয় আদায় ৫.৪৬ লক্ষ টাকা। জানুয়ারী ২০২৩ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ৫২.০৮ লক্ষ টাকা। বছরে মোট ঋণ বিতরণ ৯০৯.৪৭ লক্ষ টাকা জানুয়ারী ২০২৩ মাসে মোট ঋণ আদায় ৪৮.১১ লক্ষ টাকা। বছরে মোট ঋণ আদায় ৩২৯.৩৭ লক্ষ টাকা। তিনি জানান আমাদের কিছু মামলা আছে সেগুলি দ্রুত নিষ্পত্তি করলে এবং কিছু ক্রাস প্রগ্রাম করলে আমাদের আদায় আরও বেগবান হবে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার |
| ২০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | চলতি অর্থ বছরে ডিসেম্বর ২০২২ মাসে চাল ক্রয় করা হয়েছে ৩,৩৮৫ মেঃটন, ধান ক্রয় করা হয়ে ৭০ মেঃটন, কাবিখা প্রকল্পে ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে চাল বিতরণ করা হয়েছে ৬৯ মেঃটন, জি-আর এর চাল উপজেলা নির্বাহী অফিসার এর মাধ্যমে মসজিদ, মাদ্রাসা ও মন্দিরে বিতরণ করা হয়েছে ০৩ মেঃটন। মহিলা বিষয়কের ভিডব্লিউবি ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে বিতরণ করেছেন ৬৯.৭২০ মেঃটন। উপজেলা নির্বাহী অফিসার উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে ফুলতলা বাজারের বাজার মূল্য মনিটরিং এর তথ্য নিয়মিত প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২১ | উপজেলা তথ্য আপা | জানুয়ারি ২০২৩ মাসে ডোর টু ডোর সেবা প্রদান করা হয়েছে ৭০০ জন সেবাগ্রহিতাকে। তথ্যকেন্দ্রভিত্তিক সেবা প্রদান করা হয় ২০০ জনকে এবং উঠান বৈঠক ভিত্তিক সেবা প্রদান করা হয় ১০০ জনকে । | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্য আপা |
| ২২ | ইউনিয়ন পরিষদ | ক) জামিরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন উপজেলাতে বিভিন্ন দপ্তরের মাধ্যমে যে, প্রশিক্ষণ দেয়া হয় তা ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে নাম নিলে ভাল হয়। কারণ আমরা জনপ্রতিনিধি আমার এলাকার মানুষের সুবিধা অসুবিধা আমরা বুঝি। কার বাড়ির অবস্থা কেমন, কে যোগ্য কে অযোগ্য তা শুধু জনপ্রতিনিধীরাই ভাল জানে। তিনি উক্ত প্রস্তাবটি অনুমোদনের জন্য অনুরোধ জানান। জামিরা চেয়ারম্যান জানান তার ইউনিয়ন পরিষদে যেতে সাবেক চেয়ারম্যান ড. মামুন রহমানের বাড়ির সামনে রাস্তার পাশে কাটা তার দেয়ার জন্য প্রায় সেখানে দূর্ঘটনা ঘটছে। এছাড়া ধোপাখোলা পশ্চিম পাড়া মোড়ে সরকারী জায়গায় জৈনক সাইদ শেখ নামের এক ব্যক্তি প্রাচীর নির্মাণ করায় সেখানে প্রতিনিয়ত দুর্ঘটনা ঘটছে তিনি উক্ত বিষয় ০২ টি সমাধানের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>খ) ফুলতলা ইউপি চেয়ারম্যান জানান আমার এলাকায় ৩০০/৪০০ একর জমির ধান পানি অপসারণের জন্য নষ্ট হয়ে গেছে। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় ও ফাইভ স্টার জুট মিলের মালিক ঘটনাস্থলে যে দেখেন এখানে ড্রেন নির্মাণের বিকল্প কিছু নাই। উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী সরেজমিনে গিয়ে দেখে ব্যবস্থা গ্রহণ করলে এবৎসর বোরো মৌসুমে ধান চাষ করা সম্ভব হবে। ফুলতলা ইউপি জানান আমরা যদি আপাতত কাচা ড্রেন কেটে পানি অপসারণ করতে পারি তাহলে এবছর ও ধান চাষ করা যাবে এবং ফলে বহু কৃষক বেচে যাবে। ফুলতলা ইউপি জানান তার ইউনিয়ন পরিষদ টি হাইওয়ে রাস্তার পাশে অবস্থিত হওয়ায় সেখানে বাউন্ডারীওয়াল একান্ত প্রয়োজন। এছাড়া তিনি জানান প্রতিটি ইউনিয়ন পরিষদে খাদ্য সামগ্রী রাখার জন্য একটি গোডাউন অত্যন্ত প্রয়োজন। খাদ্য গোডাউন না থাকায় | বিস্তারিত আলোচনান্তে জামিরা ইউনিয়ন পরিষদের রাস্তার পাশে কাটা তার, ধোপাখোলা পশ্চিমপাড়া মোড়ে সরকারী জায়গায় অবৈধভাবে সীমানা প্রাচীর নির্মাণ, ফুলতলা ইউনিয়নে ফাইভস্টার মিলের মধ্যে ড্রেন নির্মাণ এর বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বৃন্দদেরকে নিয়ে সরেজমিনে পরিদর্শন পূর্বক ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রতিটি ইউনিয়নে বাউন্ডারীওয়াল ও বড় একটি খাদ্য সামগ্রী রাখার জন্য গোডাউন নির্মানের বিষয়ে ইউপি চেয়ারম্যান বৃন্দরা স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করবেন। ফুলতলা বাজারের নিরাপত্তা নিশ্চিত করণে | **উপজেলা নির্বাহী অফিসার**<br>**উপজেলা প্রকৌশলী**<br>ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যেখানে গ্রাম আদালত করা হয় সে খাদ্য সামগ্রী সংগ্রহ করতে হয়ে। ফুলতলা ইউপি চেয়ারম্যান এর প্রস্তাবের সাথে সকল ইউপি চেয়ারম্যান একমত পোষণ করেন।<br>গ) আটরা গিলাতলা ইউপি চেয়ারম্যান জানান তার এলাকায় আটরা ফকির পাড়ায় একটি ড্রেন নির্মাণের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>ঘ) দামোদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জানান ফুলতলা বাজারে প্রায়ই চুরি সংগঠিত হচ্ছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ বলেন ফুলতলা বাজারে যে সিসি ক্যামেরা ছিল তার কি অবস্থা এবং তা সচল করার জন্য অফিসার ইনচার্জ ফুলতলা থানাকে দায়িত্ব দিতে হবে। উপজেলা নির্বাহী অফিসার জানান উপজেলা কমপ্লেক্স বাউন্ডারীর মধ্যে নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। দামোদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আরও জানান যে, ফুলতলা বাজার বণিক কল্যাণ সোসাইটি বিভিন্ন সময়ে নিয়মনীতি অনুসরণ না করে বাজার পরিচালনা করছেন। বণিক কল্যাণ সোসাইটি ফুলতলা বাজারে বিভিন্ন সময়ে সালিশ বিচার করে অসদুপায় অবলম্বন করছেন এতে বাজারের ভাবমূর্তি নষ্ট হচ্ছে এবং ফুলতলা বাজার দিন দিন বিলুপ্তি হতে চলেছে। তিনি এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন। | বাজারের সিসি টিভি ফুটেজ সচল রাখার বিষয়ে অফিসার ইনচার্জ, ফুলতলা থানাকে পত্র প্রেরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |

দপ্তরসমূহের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শেখ আকরাম হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলতলা, খুলনা।

স্মারক নং: উপঃপরিঃফুলঃখুলঃ২০২২-০২(৩০)

তারিখ: ১৬ মাঘ ১৪২৯ / ৩০ জানুয়ারী ২০২৩

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো):

১। মাননীয় সংসদ সদস্য, ১০৩, খুলনা-৫ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৬। জেলা প্রশাসক, খুলনা।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
৮। চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
৯। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . কর্মকর্তা, ফুলতলা, খুলনা।
১০। চেয়ারম্যান, আটরা-গিলাতলা/দামোদর/জামিরা/ফুলতলা, ইউপি, ফুলতলা, খুলনা।
১১। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
সদস্য সচিব
ফুলতলা, খুলনা।